দৈনিক
আমাদের সময়

তারিখ 28 MAY 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# এমসিকিউ বাতিল হলে শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হবে

—জাকারিয়া মিয়া

জবি প্রতিনিধি ●

শিক্ষা ব্যবস্থার কোনো পরিবর্তন করতে চাইলে তা ধীরে করার পক্ষে মত দিয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি বিভাগের চেয়ারম্যান ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জাকারিয়া মিয়া। তিনি বলেন, বহুনির্বাচনী প্রশ্ন পদ্ধতি (এমসিকিউ) বাতিল করা হলে শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হবে। কারণ, শিক্ষার্থীরা আগে থেকে এ পদ্ধতিতে পড়ালেখায় অভ্যস্ত। গতকাল শুক্রবার আমাদের সময়ের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। বৃহস্পতিবার রাজধানীতে এক মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রীর উপস্থিতিতে শিক্ষাবিদরা শিক্ষার মানোন্নয়নে এমসিকিউ বাতিলের পরমার্শ দেন। এ বিষয়ে আলাপকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের এ অধ্যাপক তার মত তুলে ধরেন।

ড. জাকারিয়া মিয়া বলেন, অনেক গরিব মেধাবী শিক্ষার্থী আছে যাদের প্রাইভেট কিংবা কোচিং করার সামর্থ্য নেই। তারা গাইড অনুসরণ করে ভালো ফল করে থাকে। তিনি বলেন, সৃজনশীল প্রশ্ন বেশিরভাগ গাইড বই অনুসরণে করা হয়। তাই অধিকাংশ শিক্ষকই বিভিন্ন গাইড বই অনুসরণ করে পাঠদান করে থাকেন। বিশ্ববিদ্যালয় ভর্তি থেকে বিভিন্ন চাকরি পরীক্ষা এমসিকিউ পদ্ধতি অনুসরণ হয়ে থাকে। এসব দিক বিবেচনা করলে এমসিকিউয়ের গুরুত্ব অনেক বেশি।